

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০২ আশ্বিন, ১৪১৪/১৭ সেপ্টেম্বর ২০০৭

নং ২০ (মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ০১ আশ্বিন, ১৪১৪ বাৎ/১৬ সেপ্টেম্বর, ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ২০, ২০০৭

The President's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. VII of 1975) এর অধিকরত সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে The President's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. VII of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেনঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১)** এই অধ্যাদেশ The President's (Remuneration and Privileges) (Amendment) Ordinance, 2007 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. VII of 1975 এর Section 7 এর সংশোধন।—** The President's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. VII of 1975) এর Section 7 এর Sub-Section (1) এ “50,00,000” সংখ্যা ও কমার পরিবর্তে “1,00,00,000” সংখ্যা ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে।

তারিখঃ ১৬-০৯-২০০৭

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ

রাষ্ট্রপতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল

ভারপ্রাপ্ত সচিব।

Rules of business সংক্রান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩ পৌষ ১৪১৬ বঙ্গাব্দ/০৬ জানুয়ারি ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ০৭-আইন/২০১০-মপবি-৪(৬)/২০০৯-বিধি।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি Rules of Business, 1996 এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিলেন, যথা ঃ—

১। উপরি-উক্ত Rules এর —

(ক) SCHEDULE-I (Allocation of Business among the different Ministries and Divisions) Gi “20. Ministry of Finance” শিরোনামাধীন —

(অ) “A. Finance Division” উপ-শিরোনামার ক্রমিক নং 27, 27A, 28, 29, 30, 31, 32, 33 ও তৎসংশ্লিষ্ট এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে এবং অতঃপর বিদ্যমান ক্রমিক নং 34, 35, 36, 37, 38, 39, 40, 41, 42, 43, 44, 45, 46 ও 47 যথাক্রমে 27, 28, 29, 30, 31, 32, 33, 34, 35, 36, 37, 38, 39 ও 40 হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;

(আ) “C. Internal Resources Division” উপ-শিরোনামার অধীন উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নূতন উপ-শিরোনাম ও এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা ঃ—

“D. Bank and Financial Institutions Division.

1. Administration and Interpretation of the Bangladesh Bank Order, 1972 (P. O. No. 127 1972) and orders relating to specialised banks and other matters relating to state owned banks, Insurance and financial institutions.
2. Insurance and law of Insurance.
3. Banking including Co-operative Banking.
4. Regulation of share market and future markets.
5. Co-ordination matters relating to —
 - (a) Capital issue;
 - (b) Credit rate policy;
 - (c) Interest rate policy.
6. Review of investment policies and programs.
7. Secretariat administration including financial matters.
8. Administration and control of subordinate offices and organizations under this Division.
9. Liaison with International Organizations and matters relating to treaties and agreements with other countries and world bodies relating to subjects allotted to this Division.
10. All laws on subjects allotted to this Division.
11. Inquiries and statistics of any of the subjects allotted to this Division.

